

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.৯৯.০১৫.১৬-

তারিখ:

বঙ্গাব্দ।

খ্রিষ্টাব্দ

“ অফিস আদেশ ”

পবিত্র রমজান মাস আগত প্রায়। আসন্ন রমজান মাসে সেহরী ও ইফতারের সময় এ অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল ইউনিট/স্টেশন সমূহে সাইরেন বাজানোর রীতি প্রচলিত আছে। অন্যান্য বছরের ন্যায় এ বছরও তার নিয়ন্ত্রণাধীন সাইরেনগুলি বাজানোর উদ্দেশ্যে সম্পূর্ণরূপে সচল আছে কিনা, সচল না থাকলে সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের সাথে যোগাযোগ করে সচলের ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ এবং পবিত্র রমজান মাসে স্থানীয় সময়সূচী অনুযায়ী সেহরী ও ইফতারের সময় নিম্নবর্ণিত নিয়মে সাইরেন বাজানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- আড়াই মিনিটকাল নির্দেশক্রমে একটানা লম্বা শব্দে সাইরেন বাজাতে হবে।
- লক্ষ রাখতে হবে যে, বিমান আক্রমণের সংকেত ধ্বনির ন্যায় উঠানামা শব্দ যেন না হয়।

০২। এমতাবস্থায়, আসন্ন পবিত্র রমজান মাসের চাঁদ দেখা এবং সেহরী ও ইফতারের সময় উল্লেখিত নিয়মে সাইরেন বাজিয়ে সংকেত ঘোষণার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষর —

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোনঃ ০২২২৩৩৮৭৬৪০

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.৯৯.০১৫.১৬-

২৬৫২(১১০)

তারিখ:

২৬/১১/২০১০ বঙ্গাব্দ।
২০/০৬/২০১৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৩. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ। তার আওতাধীন দপ্তর/স্টেশন সমূহে উপরোক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হলো।
৪. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স(সকল)
৫. উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স(সকল)
৬. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

মোঃ হেলাল উদ্দিন খান

সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোনঃ ০২২২৩৩৮৯৪৩২